

1172

নতুন বিশ্ববিদ্যালয় স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ ॥ ক্লাস শুরু হচ্ছে সেপ্টেম্বরে

স্টাফ রিপোর্টার ॥ 'সর্বোত্তম শিক্ষার অঙ্গীকার' ঘোষণা করে আগামী সেপ্টেম্বর থেকে স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি) নামে নতুন বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হতে যাবে। বিজ্ঞানস এ্যাডমিনিস্ট্রেশন ও কম্পিউটার বিজ্ঞান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর বিভাগে ছাত্রছাত্রী নিয়ে বিশ্ববিদ্যালয়টির যাত্রা শুরু হবে। প্রথম সিনিয়রের শিক্ষা প্রদান হবে মোহাম্মদপুরের ইকবাথ রোডে ইউনিভার্সিটির প্রশাসনিক ভবনে। তবে আগামী বছরের ফেব্রুয়ারিতে ধানমন্ডিতে

নিজস্ব বহুতল ভবনটির নির্মাণ কাজ সমাপ্তির পর সেখানে দুটি বিভাগ ও প্রশাসনিক দফতরও সরিয়ে নেয়া হবে। বায়ো ইঞ্জিনিয়ারিংসহ স্বাস্থ্য ও চিকিৎসার বিভিন্ন বিষয়ও নিজস্ব ভবনে চালু হবে। বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ ড. ইয়াজউদ্দিন আহমেদ গ্রবিবার দুপুরে স্থানীয় একটি হোটেলে এক সাংবাদিক সম্মেলনে নতুন বিশ্ববিদ্যালয়ের অঙ্গীকার, লক্ষ্য, বৈশিষ্ট্যসহ ভবিষ্যত কার্যক্রম প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়টি

প্রতিষ্ঠার উদ্যোক্তা ল্যাব এইড গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ডা. এ এম শাহীম, অন্যতম পরিচালক ও বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ডা. মাহবুবুর রহমান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএর চেয়ারম্যান প্রফেসর জাকির হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের সঙ্গে যুক্ত ঢাকা মেডিক্যাল কলেজের সাবেক প্রফেসর ডা. আব্দুল বায়েছ ভূয়া ও পাবলিক সার্ভিস কমিশনের সাবেক চেয়ারম্যান (২. পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)



ঢাকার একটি হোটেলে স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর উদ্বোধন উপলক্ষে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ -জনকণ্ঠ

নতুন বিশ্ববিদ্যালয়

(১২-এর পাতার পর)

প্রফেসর এম এম এ ফয়েজও উপস্থিত ছিলেন। নতুনপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টির নীতি, আদর্শ ও উদ্দেশ্য বর্ণনাকালে প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ বলেন, আমরা সর্বোত্তম শিক্ষা প্রদানের নীতিটিই শুধু উর্ধে রাখব না, শিক্ষাদানের সঙ্গে ছাত্রছাত্রীদের মধ্যে স্বচ্ছ প্রতিযোগিতার চেতনা, নৈর্ব্যক্তিক বিচার বুদ্ধি, দেশ ও জনগণের জন্য ভালবাসাও সংগঠিত করার প্রয়াস চালাব।

তিনি জানান, অত্যন্ত যুক্তিসঙ্গত টিউশন ফীতে সর্বশেষ আন্তর্জাতিক শিক্ষা কার্যক্রম, বিনা মূল্যে পাঠ্যপুস্তক, সকল সুবিধা সম্বলিত পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ভবন, সমৃদ্ধ পাঠ্যগারসহ সর্বাধুনিক ব্যবস্থার মধ্যে অধ্যয়নের সুযোগ পাবে শিক্ষার্থীরা। যে ছাত্রছাত্রীদের অতিরিক্ত কোর্সিংয়ের প্রয়োজন হবে তার জন্য বিনা বরচে ব্যবস্থা থাকবে। যুক্তরাষ্ট্র, কানাডা, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তাদের ছাত্রছাত্রীদের জেডিট ট্রান্সফারের ব্যবস্থা করা হচ্ছে বলেও প্রফেসর ইয়াজউদ্দিন উল্লেখ করেন। তিনি আরও জানান, কঠোর বিধিনিষেধ ও শৃঙ্খলার মাধ্যমে শিক্ষাসনের পরিষ্কার বজায় রাখা হবে।